



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৬/আএডআ/

তারিখ :

বিষয় : বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব ম. সিদ্দিকুর রহমান-কে চূড়ান্ত বরখাস্ত প্রসঙ্গে।

সূত্র : (১) অধ্যক্ষ, দক্ষিণ বনশ্রী মডেল হাই স্কুল এন্ড কলেজ কর্তৃক জনাব ম. সিদ্দিকুর রহমান-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামাসহ আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন।
(২) বোর্ডের ২০/১১/২০১৯ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব ম. সিদ্দিকুর রহমান-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামা- (১) মাননীয় সংসদ সদস্য জনাব সাবের হোসেন চৌধুরী (বিদ্যালয়ের সাবেক সভাপতি)-এর প্যাড এবং স্বাক্ষর জালকরণ, (২) প্রধান শিক্ষক পদে নিয়োগ ও উক্ত পদে সরকারি কোষাগার থেকে বেতন-ভাতাদি বাবদ অর্থ উত্তোলন (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চলের উপপরিচালক স্বাক্ষরিত ১০/০৯/২০১৭ তারিখের তদন্ত প্রতিবেদন), (৩) সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষক না হয়ে তথ্য গোপন করে এইচএসসি ২০১৭ পরীক্ষার বাংলা ২য় পত্রের প্রধান পরীক্ষক হওয়া, (৪) তথ্য জালিয়াতি করে জনাব নূরুর রহমান-কে আজীবন দাতা সদস্য পদে মনোনয়ন, (৫) শিফট ইনচার্জ-এর ভাতা গ্রহণ, বিভিন্ন খাতে অবৈধ ও অতিরিক্ত খরচ দেখিয়ে ১,১৬,৮৩,৮০০/- টাকা আত্মসাত ইত্যাদি অভিযোগের কারণে গভর্নিংবডি কর্তৃক চূড়ান্ত বরখাস্ত করা হয়েছে।

২। বোর্ডের ২০/১১/২০১৯ আপীল এন্ড আরবিট্রেশন কমিটি প্রাপ্ত অভিযোগসমূহ পূঙ্খানুপূঙ্খ বিশ্লেষণপূর্বক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব ম. সিদ্দিকুর রহমান-কে গভর্নিংবডি কর্তৃক চূড়ান্ত বরখাস্তকরণের সিদ্ধান্তের বিষয়টি সর্বসম্মতভাবে অনুমোদন করেছে।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

প্রাপক : সভাপতি, গভর্নিংবডি
দক্ষিণ বনশ্রী মডেল হাই স্কুল এন্ড কলেজ
গোড়ান, খিলগাঁও, ঢাকা।


স্বাঃ
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

মেমো নং- ১১২২ (২)

তারিখ : ২০/১১/১৯

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৬। অধ্যক্ষ, দক্ষিণ বনশ্রী মডেল হাই স্কুল এন্ড কলেজ।
- ৭। ম. সিদ্দিকুর রহমান, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), দক্ষিণ বনশ্রী মডেল হাই স্কুল এন্ড কলেজ।
- ৮। পি.এস.-টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। অফিস কপি।


বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা


২০/১১/১৯